গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলতলা, খুলনা।

বিষয়ঃ **উপজেলা আইন-শৃংখলা কমিটির এপ্রিল ২০১৫ মাসের সভার কার্য বিবরণী।**

সভাপতিঃ জনাব লুলু বিলকিস বানু, উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
স্থানঃ উপজেলা পরিষদের সভা কক্ষ, ফুলতলা, খুলনা।
তারিখ ও সময়ঃ ২৪-০৫-১৫, সকাল ১১-০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত

সভার শুরুতে উপস্থিত উপজেলা আইন-শৃংখলা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্য বিবরণীতে কোন প্রকার সংযোজনী ও সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং উপস্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অপরাধ চিত্র পর্যালোচনাঃ ফুলতলা থানার মার্চ ২০১৫ ও এপ্রিল ২০১৫ মাসে সংঘটিত অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী সভায় উপস্থাপন করা হয়।

ক্রমিক নং	থানার নাম	মাসের নাম	ডাকাতি	বিস্ফোরকদ্রব্য আইন/ রাহাজানি	চুরি	খুন	দাংগা	দাংগাসহ খুন	অস্ত্র আইন	অস্ত্র উদ্ধার	দ্রুত বিচার	ধর্ষণ	ছিনতাই	অপহরণ	নারী ও শিশু নির্যাতন	এসিড নিক্ষেপ	নারী ও শিশু পাচার	মহিলাদের উত্ত্যক্তকরণ	মাদকদ্রব্য	চোরাচালান	অন্যান্য	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
	ফুলতলা	এপ্রিল	-	-	-	-	-	-	০২	-	-	-	-	-	-	-	-	-	০৩	-	০৪	০৯
		মার্চ	-	01	01	-	-	-	02	-	-	01	-	-	-	-	-	-	01	01	-	12

অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায় যে মার্চ ২০১৫ মাসে ফুলতলা থানায় সংঘঠিত অপরাধের সংখ্যা ১২ টি এবং এপ্রিল ২০১৫ মাসে সংঘটিত অপরাধের সংখ্যা ০৯ টি। মার্চ ২০১৫ মাসের তুলনায় এপ্রিল ২০১৫ মাসে অপরাধ কম হয়েছে। এছাড়া এপ্রিল ২০১৫ মাসে নির্বাহী ম্যাজিস্ট্রেট, ফুলতলা এর নেতৃত্বে ০৪ টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ১৮ টি মামলা করা হয়। ০৩ টি মামলায় মোট ০৩ জন আসামীকে বিভিন্ন ধারায় বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে এবং ০৭ জনের কাছ থেকে ৪,৪০০/-জরিমানা আদায় করে সরকারী কোষাগারে জমা করা হয়েছে।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অফিসার ইনচার্জ, খানজাহানআলী থানা জানান, এপ্রিল ২০১৫ মাসে মোট ০৯টি মামলা হয়েছে। তার মধ্যে মাদক ০৫টি, বিস্ফোরক ও অন্যান্য ০৪ টি মামলা হয়েছে।	খানজাহানআলী থানার পূর্ববর্তী মাসের অপরাধচিত্র উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা খুলনা এর কার্যালয়ে উপজেলা আইন-শৃংখলা কমিটির সভার আগে দাখিল করতে হবে।	অফিসার ইনচার্জ, খানজাহানআলী থানা, কেএমপি, খুলনা।
০২	কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ জানান, ফুলতলা বাজারে ৭ তলা বিশিষ্ট একটি বিল্ডিং যে ভাবে নির্মিত হচ্ছে তার গুনগত মান মোটেই প্রযুক্তিগত নয়। গত মার্চ ২০১৫ তারিখের সভায় ০২ নং ক্রমিকের সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি এ বিষয়ে জানান সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম চলছে। অতিসত্বর প্রতিবেদন দাখিল করা হবে।	তদন্ত প্রতিবেদন আগামী সভার পূর্বে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলতলা, খুলনা।
০৩	জনাব এস এম মোস্তাফিজুর রহমান, সভাপতি, ফুলতলা প্রেসক্লাব জানান, ফেব্রুয়ারী ২০১৫ মাসের সভায় ৫নং ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট সুনির্দিষ্ট তথ্য দাখিল করা হয়েছে। কিন্তু গাজা বিক্রির সংগে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হয়েছে মর্মে তার জানা নেই। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।	গাজা বিক্রির সংগে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়।	অফিসার ইনচার্জ, ফুলতলা থানা, খুলনা।
০৪	সভায় সদস্যবৃন্দ জানান, গত মার্চ ২০১৫ সভার ০৪ নং সিদ্ধান্ত মোতাবেক ফুলতলা বাজারের রফিক সড়কে রাস্তার দু'পাশে অবৈধভাবে অনেক দোকানপাট তৈরী হয়েছে যা অপসারণ করা হয়নি যার ফলে সাধারণ পথচারীদের যাতায়াতে অসুবিধা হচ্ছে। এই অবৈধ ভাবে গড়েওঠা দোকানপাট অপসারণ করা একান্ত জরুরী। এ বিষয়ে তিনি সভার দৃষ্টি আকর্ষন করেন।	অবৈধভাবে গড়েওঠা দোকানপাট অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফুলতলা বাজার বণিক কল্যান সোসাইটিকে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।

০৫	সকল সদস্যবৃন্দ জানান, ফুলতলা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে মার্চ ২০১৫ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ট্রাফিক পুলিশ মোতায়েন করা হয়। কিন্তু ট্রাফিক পুলিশ সঠিকভাবে তার দায়িত্ব পালন করছে না মর্মে অভিযোগ রয়েছে। এছাড়া ফুলতলা বাজারের চৌরঙ্গী এলাকায় একজন ট্রাফিক পুলিশ মোতায়েন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	একজন নতুন ট্রাফিক পুলিশ মোতায়েনসহ তাদের সাঠিক ভাবে দায়িত্ব পালনে অফিসার ইনচার্জ ফুলতলা থানা, খুলনাকে অনুরোধ জানানো হয়।	অফিসার ইনচার্জ, ফুলতলা থানা, খুলনা।

সভায় ফুলতলা উপজেলার বর্তমান আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সন্তোষ প্রকাশ করা হয় এবং আইন-শৃংখলা পরিস্থিতির এ ধারা যেন অব্যাহত থাকে সেজন্য সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(লুলু বিলকিস বানু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
ফুলতলা, খুলনা।
☎ ০৪১-৭০১১৫৬

স্মারক নং 05.40.4769.006.09.113.11- 418/1 (৫০) তারিখঃ 25-05-২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। জনাব নারায়ণ চন্দ্র চন্দ, মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৫ ও প্রধান উপদেষ্টা, উপজেলা আইন-শৃংখলা কমিটি, ফুলতলা, খুলনা।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, খুলনা।
৫। পুলিশ সুপার, খুলনা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃংখলা কমিটি।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃংখলা কমিটি।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

৯। উপজেলা...অফিসার, ফুলতলা, খুলনা।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা ফুলতলা থানা/খানজাহান আলী থানা, কেএমপি, খুলনা।
১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..কলেজ/মাদ্রাসা/স্কুল, ফুলতলা, খুলনা।
১২। চেয়ারম্যান, আটরা-গিলাতলা/দামোদর/জামিরা/ফুলতলা, ইউপি, ফুলতলা, খুলনা।
১৩। সভাপতি, ফুলতলা প্রেস ক্লাব, ফুলতলা, খুলনা।

স্বাক্ষরিত/-
উপজেলা নির্বাহী অফিসার
ফুলতলা, খুলনা।